

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁও, ঢাকা

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১১২৫.২০১৫- ৩০২

তারিখঃ ০৬/০৬/২০১৬খ্রিঃ

প্রাপক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে ব্যারাক মেরামতের ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

আমি নিম্নলিখিত প্রকল্পগ্রামের বরাবরে ব্যারাক মেরামত এর ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত নিম্নোক্ত জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অর্থটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছিঃ


ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম (ব্যারাক সংখ্যা)	৯.৫০% আইটি ও ভ্যাট বাদে বরাদ্দকৃত অর্থ
১	ময়মনসিংহ	নন্দাইল	বারপাড়া (ব্যারাক নং ১,২)	১৬,৪৪,০৭০/-
২	ময়মনসিংহ	নন্দাইল	চর মহেশকুড়া (ব্যারাক নং ৬ ও ২১)	৬,৫১,৬০০/-
৩	ফেনী	পরশুরাম	বাউরখুমা (১ টি ব্যারাক)	৪,৬৪,২৯৫/-
৪	গোপালগঞ্জ	কোটালীপাড়া	দেবগ্রাম (ব্যারাক নং ১-১০)	১৭,৯৫,৩২৩/-
৫	ভোলা	লালমোহন	কচ্ছপিয়া রজনীগন্ধা (ব্যারাক নং ১-৬)	৩,০৭,১৩২/-
৬	ভোলা	সদর	চরগাজি-০৩ (ব্যারাক নং ১-১০)	৫,৯৫,৪১৫/-
৭	ভোলা	সদর	চরগাজি-০৪ (ব্যারাক নং ১-১০)	৬,৭২,২৬৫/-
৮	চট্টগ্রাম	লোহাগাড়া	চাকফিরিনী (ব্যারাক নং ১-৬)	৫,৪৮,২৩৪/-
৯	দিনাজপুর	ঘোড়াঘাট	আন্দিয়াপুকুর (ব্যারাক নং ৮)	১৪,৫৪,৫৭০/-
মোট				৮১,৩২,৯০৪/-

কথায়ঃ একাশি লক্ষ বত্রিশ হাজার নয়শত চার টাকা মাত্র।

- ২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৭.২০১৬ তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।
- ৩। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।
- ৪। আর্থিক বিধি ও “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” এবং সংশোধিত ২০০৯” অনুসরণ করে এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৫। কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার ১৫(পনের)দিনের মধ্যে প্রকল্পের কাজ শুরু করতে অসমর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌঁছানো নিশ্চিত করবেন।
- ৭। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০৮১ উপ-খাতে হতে ৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।
- ৮। এই ব্যয় ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্র্যান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০৮১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।
- ৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন ২০১৬ এর পূর্বে চালানোর মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানোর কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

- ১০। পুরাতন মালামাল বিক্রি করে তা ৩০শে জুন ২০১৬ এর পূর্বে চালানোর মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৮১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানোর কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১১। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মুসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মুসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হচ্ছে।
- ১২। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।
- ১৩। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।  
সংযুক্তঃ প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন।

আপনার বিশ্বস্ত

  
(মোঃ জাহিরুল হক)  
প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৯১২৪১০০৫

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ/ফেনী/গোপালগঞ্জ/ভোলা/চট্টগ্রাম/দিনাজপুর।
- ২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ভোলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ/পরশুরাম, ফেনী/কোটালীপাড়া, গোপালগঞ্জ/লালমোহন, সদর, ভোলা/লোহাগাড়া, চট্টগ্রাম/ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ/পরশুরাম, ফেনী/কোটালীপাড়া, গোপালগঞ্জ/লালমোহন, সদর, ভোলা/লোহাগাড়া, চট্টগ্রাম/ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ/পরশুরাম, ফেনী/কোটালীপাড়া, গোপালগঞ্জ/লালমোহন, সদর, ভোলা/লোহাগাড়া, চট্টগ্রাম/ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৬। প্রকল্প নথি/অফিস কপি।